


# যুগান্তর

রোববার শুরু

## প্রাথমিক সমাপনীৰ জন্য ২৯ লাখ শিশু প্রস্তুত

প্রকাশ : ১৫ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

আগামী রোববার (১৭ নভেম্বর) সারা দেশে শুরু হচ্ছে প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা। প্রাথমিক স্তরের গণ্ডি পেরোনোর এ পরীক্ষায় বসছে ২৯ লাখ ৩ হাজার ৬৩৮ জন ক্ষুদে শিক্ষার্থী। গতবারের চেয়ে এবার এক লাখ ৯২ হাজার ৬৩২ শিক্ষার্থী কমেছে। বৃহস্পতিবার সচিবালয়ে সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন। উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা সচিব মো. আকরাম-আল-হোসেন। প্রতিমন্ত্রী বলেন, প্রাথমিক সমাপনী পরীক্ষায় এবার ২৫ লাখ ৫৩ হাজার ২৬৭ জন ছাত্রছাত্রী অংশ নেবে। এর মধ্যে ছাত্র ১১ লাখ ৮১ হাজার ৩০০ জন। গত বছরের তুলনায় এ সংখ্যা দুই লাখ ২৩ হাজার ৬১৫ জন কম।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।